

রেজিস্টার্ড নং ডি এ-১



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, নভেম্বর ২২, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
অবা-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ৬ অগ্রহায়ণ ১৪১০/ ২০ নভেম্বর ২০০৩

এস, আর, ও নং ৩২৫-আইন/২০০৩।—Imports and Exports (Control) Act, 1950(XXXIX of 1950) এর section 3(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার আমদানী নীতি আদেশ, ১৯৯৭—২০০২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত আদেশের পরিশিষ্ট-১ এর (খ) শর্তযুক্ত আমদানিযোগ্য পণ্যের তালিকা শিরোনামাধীন কলাম-১ এ উল্লিখিত হেডিং নং ৮৭.০১ হইতে ৮৭.০৪ এবং উহাদের বিপরীতে উল্লিখিত এন্টিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্টিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“৮৭.০১ সকল এইচ (ক) ১৬৪৯ সিসি পর্যন্ত মোটর (ক) জাহাজীকরণ করিবার সময় কোন  
৮৭.০২ এস কোর্ড কার এবং যে কোন সি সি যানবাহনই চার বছরের অধিক  
৮৭.০৩ এর মাইক্রোবাস, মিনিবাস, পুরাতন হইবে না ;  
৮৭.০৪ জীপসহ অন্যান্য পুরাতন যানবাহন এবং ট্রাক্টর।

(খ) যে দেশে গাড়ী তৈরী হইয়াছে কেবল মাত্র সেইদেশ (কান্ট্রি অব অরিজিন) হইতে পুরাতন গাড়ী আমদানি করা যাইবে এবং তৃতীয় কোন দেশের মাধ্যমে পুরাতন গাড়ী আমদানি করা যাইবে না ;

(গ) জাপান হইতে পুরাতন গাড়ী আমদানির ক্ষেত্রে জাপান অটো এ্যাসোসিয়েশন ইনস্টিটিউট (JAAI) এবং অন্যান্য দেশের তৈরী পুরাতন গাড়ী আমদানির ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশের স্বীকৃত অটো-

( ১১৭৬১ )

মূল্য ঃ টাকা ১.০০

মোবাইল এসোসিয়েশন কর্তৃক গাড়ীর বয়স, মডেল নম্বর এবং চেসিস নম্বর উল্লেখ সম্বলিত প্রত্যয়নপত্র শুদ্ধায়ন পর্যায়ে দাখিল করিতে হইবে ;

- (ঘ) আমদানিকৃত পুরাতন গাড়ী তৈরীর তারিখ/বয়স নির্ধারণের ক্ষেত্রে গাড়ীর চেসিস তৈরীর তারিখের পরবর্তী বছরের প্রথম দিন হইতে গাড়ী তৈরীর তারিখ/বয়স গণনা শুরু করিতে হইবে ;
- (ঙ) জাপান হইতে গাড়ী আমদানির ক্ষেত্রে জাপান অটোমোবাইল এসোসিয়েশন কর্তৃক প্রকাশিত চেসিস বুক পরীক্ষা করিয়া তৈরীর তারিখ নির্ধারিত হইবে ;
- (চ) যে সকল দেশ হইতে চেসিস বুক প্রকাশিত হয় না সেই সকল দেশ হইতে গাড়ী আমদানির ক্ষেত্রে আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন সার্ভেয়ারের নিকট হইতে গাড়ী তৈরীর তারিখ/বয়স সম্পর্কে সার্টিফিকেট আমদানিকারককে উপস্থাপন করিতে হইবে ;
- (ছ) পেট্রোল চালিত গাড়ীর ক্ষেত্রে ক্যাটালাইটিক কনভার্টার এবং ডিজেল চালিত গাড়ীর ক্ষেত্রে ডিজেল পার্টিকুলেট ফিল্টার সংযোজন সম্পর্কে পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত এস আর ও নং ২৯ আইন/২০০২, তারিখ ১৬ ফেব্রুয়ারি, ২০০২ মোতাবেক কার্যপত্র গ্রহণ করিতে হইবে ;

(খ) ১২৫০ সিসি হইতে ২০০০ সিসি পর্যন্ত পুরাতন ট্যান্ডিক্যাব। উপরে দফা (খ) হইতে দফা (ছ) তে উল্লিখিত শর্তাবলী পালন সাপেক্ষে অনধিক ৩ (তিন) বছরের পুরাতন ট্যান্ডিক্যাব আমদানি করা যাইবে।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শেখ আলাউদ্দিন

উপ-সচিব (আইআইটি-২)।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আমিন হুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।